

যুক্তরাজ্য শিক্ষামেলার পরিসর বাড়ল শুরু ১৩ ফেব্রুয়ারি

নিজস্ব প্রতিবেদক

ব্রিটিশ কাউন্সিলি আয়োজিত বার্ষিক যুক্তরাজ্য শিক্ষামেলা-২০১৪-এর পরিসর বাড়ানো হয়েছে। গত বছর তথু ঢাকা ও চট্টগ্রামের এ মেলায় আয়োজন করা হলেও এবার নতুন করে নিশেট যুক্ত হয়েছে। গতকাল রাজধানীর সোনারগাঁও হোটেলে ব্রিটিশ কাউন্সিলি আয়োজিত সংবাদ সম্মেলনে এসুর তথু জানানো হয়। আগামী ১৩ ও ১৪ ফেব্রুয়ারি রাজধানীর সোনারগাঁও হোটেলে, ১৬ ফেব্রুয়ারি চট্টগ্রামের পেনিনসুলা হোটেলে এবং ১৯ ফেব্রুয়ারি নিশেটের রোজ ডিউ হোটেলে এ মেলা অনুষ্ঠিত হবে। এবারের মেলায় যুক্তরাজ্যের ৪০টি স্বনামধন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন ব্রিটিশ কাউন্সিলি বাংলাদেশের পার্টনারশিপস অ্যান্ড প্রোগ্রামস ডিরেক্টর রবিন ডেভিস এবং হেড অব এডুকেশন নির্জা মুহাম্মদ শাহজামাদ। রবিন ডেভিস বলেন, কিভাবে যুক্তরাজ্যে বসবাস ও শিক্ষা গ্রহণ করা যায়, এসব বিষয়ে দর্শনার্থীরা পরামর্শ গ্রহণের সুযোগ পাবেন। যুক্তরাজ্যে বর্তমান এজেন্সি কর্মকর্তারা ভিসাসংক্রান্ত প্রশ্নের উত্তর দেবেন। মেলায় প্রবেশনুদা ৫০ টাকা বলে জানানো হয়।